

নিজস্ব নিয়মে শিক্ষার্থী ভর্তি করতে চায় নটর ডেম রিটের গুনানি আজ

■ ইত্তেফাক রিপোর্ট

পরীক্ষার মাধ্যমে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করতে চায় নটর ডেম কলেজ কর্তৃপক্ষ। তবে এ বিষয়ে শিক্ষাবিদগণের সুরেবন্দন করলেও অনুমতি মেলেনি। এ কারণে উক্ত আদালতে পৃথকভাবে রিট মামলা দায়ের করেই নটর ডেম কর্তৃপক্ষ এবং এক অভিভাবক। নটর ডেম কলেজের অধ্যক্ষ ডাবার হেমন্ত শিউন সোজাগিও ইত্তেফাককে বলেন, ভর্তির বিষয়ে আমরা এখনো কোন সিদ্ধান্ত নেইনি। তিনি বলেন, আমরা উক্ত আদালতে রিট পিটিশন দাখল করেছি। আম্ম বৃহস্পতিবার এ বিষয়ে তনানি পেবেই আমরা সিদ্ধান্ত নেব।

গত ১৬ মে শিক্ষাবিদগণের ২০১০-১৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি নীতিমালা আরি করে। নীতিমালায় বলা হয়, ভর্তি পরীক্ষার জন্য কোন বাছাই পরীক্ষা হবে না। কেবল শিক্ষার্থীর এসএসসি ও সনদসমূহের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে। নীতিমালায় আরো বলা হয়, নীতিমালার ব্যত্যয় হলে বেসরকারি কলেজের ক্ষেত্রে স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিলসহ এনপিওসুক্তি বাতিল করা হবে। ঢাকা শিকা বোর্ডের এক কর্তৃকর্তা বলেন, ভর্তি পরীক্ষা নিতে চেয়ে নটর ডেম কলেজ কর্তৃপক্ষ আবেদন করলেও বোর্ড নীতিমালার বাইরে ত্যাকের মে অনুমতি দেয়নি। তাই নীতিমালার বাইরে এবার কোনো কলেজে শিক্ষার্থী ভর্তি করাতে পারবে না।